



ঢাকা বিশ্ববিদ্যালয় : ম্যানেজমেন্ট বিভাগের একটি স্থায়ী সহযোগী অধ্যাপকের পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দফতর হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বেতন স্কেল : ৫০,০০০-৭১,২০০/- টাকা (জাতীয় বেতন স্কেল ২০১৫)।

শিক্ষাগত যোগ্যতা : প্রার্থীদের অবশ্যই ম্যানেজমেন্ট বিষয়ে উচ্চতর যোগ্যতার অধিকারী হতে হবে। তাঁদের পিএইচডি অথবা সমমানের ডিগ্রী থাকা বাঞ্ছনীয়। তাঁদেরকে ম্যানেজমেন্ট বিষয়ে বি.বি.এ. এবং হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (এইচ.আর.এম)/স্ট্র্যাটেজিক এন্ড ইন্টারন্যাশনাল ম্যানেজমেন্ট (এস.আই.এম) স্ট্রীমে এম.বি.এ থাকতে হবে। তাঁদের বিশ্ববিদ্যালয় অথবা কোন উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে কমপক্ষে ০৭ (সাত) বছরের শিক্ষাদান এবং গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে। স্বীকৃত মানের গবেষণা পত্রিকায় প্রার্থীদের প্রকাশিত মৌলিক প্রবন্ধ থাকতে হবে। শিক্ষক হিসেবে অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্র/ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকাণ্ড পরিচালনায় বিশেষ অবদানও যোগ্যতা হিসেবে গণ্য করা হবে। বিশেষ ক্ষেত্রে অভিজ্ঞতার শর্তাবলী শিথিল করা যেতে পারে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ১০০০/- (এক হাজার) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সার্টিফিকেট, মার্কশীট এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ১১ (এগার) কপি দরখাস্ত ১০/০২/২০২২ তারিখের মধ্যে রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০ এর নিকট পৌঁছাতে হবে। চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করতে হবে।

জিডি-৬২/২২ (৪'×৪)